

আন্তর্জাতিক

হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিচ্ছে যুক্তরাষ্ট্র: ট্রাম্প



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, যুক্তরাষ্ট্র সম্ভবত হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নেবে। তার দাবি, ইরান যুক্তরাষ্ট্রের সঙ্গে করা একটি চুক্তি ভঙ্গ করেছে।

ইরান চুক্তি ভঙ্গ করেছে দাবি করে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নেওয়ার ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানজুড়ে মার্কিন বাহিনীর রাতভর চালানো বিমান হামলার পরই তিনি এই ঘোষণা দিলেন।

ফরাসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, "আমরা প্রণালির নিয়ন্ত্রণ নিচ্ছি। তাদের হাতে এখন আর কিছুই নেই।"

সাক্ষাৎকারে ট্রাম্প যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ডের (সেন্টকম) রাতভর চালানো সামরিক অভিযানের কথা উল্লেখ করেন। ইরানের বিভিন্ন সামরিক স্থাপনা লক্ষ্য করে এই হামলা চালানো হয়। বিষয়টিকে "গত রাতে খুব কঠোর আঘাত" হিসেবে উল্লেখ করেন তিনি।

মার্কিন প্রেসিডেন্ট আরও দাবি করেন, "আমরা তাদের নিয়ন্ত্রণে নিয়েছি। তারা পিছু হটছে। ইরানের বেশিরভাগ সামরিক সরঞ্জাম ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে গেছে।"

এর আগে সোমবার যুক্তরাজ্যে অবস্থিত ইরানি দূতাবাস জানায়, হরমুজ প্রণালিতে একটি অস্থায়ী নিরাপদ সামুদ্রিক করিডোর চালু করা হয়েছে। এই পথে "প্রযুক্তিগত ও সামরিক কোনো বাধা নেই" বলেও জানানো হয়।

তবে দূতাবাসের দাবি, যুক্তরাষ্ট্রের সামরিক আগ্রাসনের কারণেই বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ এই নৌপথটি এখন "উচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলে" পরিণত হয়েছে।

এ বিভাগের আরও খবর




মধ্যপ্রাচ্যের উত্তেজনায় আবারও ১০০ ডলারের ওপরে তেল
মধ্যপ্রাচ্যে বাড়তে থাকা উত্তেজনা এবং যুক্তরাষ্ট্রের মোস্ককো উপসাগরীয় অঞ্চলে ঝড়ের আশঙ্কায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বেড়েছে। বুধবার রে...



কুম্ভ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কুম্ভ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উদ...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেশজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/hrmuj-prnalir-niyntn-nichchhe-juktrashtr-tramp>